

## ঢাকা কাস্টমস্ হাউসের

### তালিকাভুক্ত হওয়া ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় দলিলাদি :

কাস্টমস্ হাউস, ঢাকা কতৃক প্রেরিত পত্র (নথি নং : ৫(২০)৪৮/ফ্রেইট ফরওয়ার্ডার্স/বিধিমালা/২০০৬/৬৪১৭(৪), তাং-১২-০৬-২০১২) অনুসারে নিম্নবর্ণিত দলিলাদি ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্স শাখায় প্রদান করতে হবে।

- (ক) লাইসেন্স নবায়নের জন্য ১০/- টাকার কোর্ট ফি সম্বলিত কোম্পানির লেটার হেড প্যাডে (যুগ্ম কমিশনার ও সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টমস্ হাউস, ঢাকা এর বরাবরে।) আবেদন পত্র।
- (খ) নবায়ন ফি বাবদ ৮ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ট্রেজারী চালানের মূল কপি। (টি, আর ফরম নং ৬, কোড নংঃ ১-১১৩১-০০০৫-১৮৫৪)
- (গ) ঢাকাস্থ ঠিকানার হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি।
- (ঘ) হালনাগাদ পরিশোধিত আয়কর সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে Foreign Exchange Regulation Act. 1947 এর শর্ত মোতাবেক বাংলাদেশ ব্যাংকের অনুমোদনপত্রের সত্যায়িত অনুলিপি।
- (চ) বিগত ২ (দুই) বছর মেয়াদের কার্য-সম্পাদনের তালিকা।
- (ছ) ঢাকাস্থ অফিস ভাড়ার প্রমাণ স্বরূপ ০৬ (ছয়) মাসের পরিশোধিত ১৫% ভ্যাট এর কপি।
- (জ) ডিজিটাল মুসক সনদপত্র-এর সত্যায়িত অনুলিপি।
- (ঝ) বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা)-এর মেম্বারশীপ সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ঞ) ব্যাংক সলভেন্সি সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ট) লাইসেন্স নবায়ন ফি এর উপর ১৫% পরিশোধিত ভ্যাট এর ট্রেজারী চালানের মূল কপি। (ভ্যাট কোড নং : ১-১১৩৩-০০১৫-০৩১১)
- (ঠ) লাইসেন্সের মূল কপি।
- (ড) তালিকাভুক্তির মূল লাইসেন্সের হালনাগাদ সত্যায়িত অনুলিপি।
- (ণ) যদি কোন কোম্পানীর ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স-এর মেয়াদ উত্তীর্ণ হয়ে যায় তাহলে উক্ত কোম্পানীকে লাইসেন্স নবায়নের আবেদনের সাথে সংশ্লিষ্ট বিচারের মাধ্যমে লাইসেন্স নবায়নের জন্য সংশ্লিষ্ট কোম্পানীর লেটার হেড প্যাডে আবেদন করতে হবে। যাহার নমুনা এতদসংগে সংযুক্ত করা হলো।

\*\*\* প্রযোজ্য ক্ষেত্রে কাস্টমস্ হাউস, ঢাকা কতৃক প্রেরিত পত্র (নথি নং : ৫(২০)৪৮/ফ্রেইট ফরওয়ার্ডার্স/বিধিমালা/০৬/৭৭৭০, তাং-১৬-০৪-২০১৩) অনুসারে কাস্টমস্ হাউসে লাইসেন্স ইস্যুর জন্য দাখিলকৃত সমুদয় অর্থ (লাইসেন্সের আবেদন ফি ৮ ৫,০০০/-, লাইসেন্স ফি- ৮ ৫০,০০০/-, লাইসেন্স নবায়ন ফি- ৮ ১০,০০০/-প্রতি মেয়াদে) এর উপর ১৫% পরিশোধিত ভ্যাট এর মূল কপি। (ভ্যাট কোড নং : ১-১১৩৩-০০১৫-০৩১১)

\*\*\* উল্লেখ্য যে, যদি কোন কোম্পানীর ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স-এর মেয়াদ উত্তীর্ণ হয়ে যায় তাহলে উক্ত কোম্পানীকে লাইসেন্সিং কর্তৃপক্ষ কতৃক জরিমানার বিধান রয়েছে এবং সেই প্রেক্ষিতে সংশ্লিষ্ট কোম্পানীর লেটার হেড প্যাডে একটি অঙ্গীকারনামা বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশনের (বাফা)-এর বরাবর দাখিল করতে হবে। যাহার নমুনা এতদসংগে সংযুক্ত করা হলো।

লেটার হ্যাড পেড

তারিখ : -----

বরাবর,

যুগ্ম কমিশনার ও চেয়ারম্যান  
লাইসেন্সিং অথরিটি  
কাস্টম হাউস, ঢাকা ।

বিষয় :- সংক্ষিপ্ত বিচারের মাধ্যমে ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়ন প্রসঙ্গে ।

জনাব,

যথাবিহীন সন্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমাদের ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নং -----  
-----এর মেয়াদ -----ইং তারিখে শেষ হয়। -----(বিলম্বের  
কারণ) যথাযথ সময়ে আপনার দপ্তরে নবায়নের জন্য লাইসেন্স জমা প্রদান করতে পারি নাই। মেয়াদ অতিক্রান্তের পর -----  
-----ইং তারিখে আপনার দপ্তরে সমস্ত দলিলাদিসহ জমা প্রদান করি। এমতাবস্থায় সংক্ষিপ্ত বিচারের মাধ্যমে  
ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়ন জন্য বিনীত অনুরোধ করছি।

অতএব, মহোদয়ের নিকট নিবেদন এই যে, আমাদের লাইসেন্স নবায়ন করতঃ ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার সুযোগ  
প্রদান করে বাধিত করিবেন।

নিবেদক

নাম:  
পদবী:  
কোম্পানীর নাম:  
সিল

## প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হ্যাড পেড

### অঙ্গীকারনামা

এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমি নিম্নস্বাক্ষরকারী.....(নাম), স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক, .....(কোম্পানীর নাম), আমাদের ফ্রেইট ফরওয়ার্ডার লাইসেন্স (নং-.....) নবায়নের জন্য বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশনের (বাফা) অফিসে জমা প্রদান করছি। লাইসেন্স নবায়নের নিমিত্তে কাগজপত্রাদি লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার পূর্বে জমা প্রদান করতে পারি নাই বলে ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্সিং ও কার্যপরিচালনা বিধিমালা, ২০০৮ অনুযায়ী আমাদের প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ (কাস্টম হাউস) কতৃক ধার্যকৃত যেকোন পরিমাণ জরিমানা বাফা অফিসে জমা প্রদান করিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর:

নাম:

পদবী:

প্রতিষ্ঠানের নাম:

সীল: